# জ্বালানি সংকট নিয়ে সংসদের বিশেষ অধিবেশন চান বিরোধীদলীয় নেতা



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশে চলমান বিদ্যুৎ ও জ্বালানি সংকটের পাশাপাশি আর্থসামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরোধ জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১৪ আগস্ট) রাষ্ট্রপতির কাছে এ বিষয়ে একটি চিঠি পাঠানো হয়েছে। জামায়াতে ইসলামীর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, চিঠির অনুলিপি প্রধানমন্ত্রী ও জাতীয় সংসদ সচিবালয়েও পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়, দেশজুড়ে তীব্র বিদ্যুৎ সংকটের কারণে ঘন ঘন লোডশেডিং হচ্ছে। এতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবন ব্যাহত হওয়ার পাশাপাশি শিল্পকারখানার উৎপাদন এবং ব্যবসা-বাণিজ্যও ক্ষতির মুখে পড়ছে।

বিদ্যুৎ ও জ্বালানি সংকটের প্রভাব নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারেও পড়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়। একই সঙ্গে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি মানুষের মধ্যে উদ্বেগ ও অনিশ্চয়তা তৈরি করেছে বলেও দাবি করা হয়েছে।

বিরোধীদলীয় নেতা বলেন, জনগণের প্রতিনিধি হিসেবে এমন সংকটময় পরিস্থিতিতে সংসদ সদস্যদের নীরব থাকার সুযোগ নেই। বর্তমান পরিস্থিতি মোকাবিলায় জাতীয় সংসদে বিস্তারিত আলোচনা এবং দ্রুত সমাধানের পথ খুঁজে বের করা প্রয়োজন।

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সংশ্লিষ্ট অন্যান্য সমস্যা নিয়ে জরুরি আলোচনা ও কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে দ্রুত সংসদের একটি বিশেষ অধিবেশন আহ্বানের জন্য রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানান তিনি।

LENS ASIA